



কার্ডিফ এন্ড দি ভেল্ মানসিক স্বাস্থ্য উন্নয়ন প্রকল্প

কার্ডিফে মানসিক স্বাস্থ্য সেবাসমূহ এবং দি ভেল্ অফ গ্লেমরগান

কার্ডিফ এন্ড ভেল্ এর মানসিক স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের ওয়েবসাইট দেখার জন্য ধন্যবাদ। প্রকল্পটির কাজের উপরে ওয়েবসাইটটি তথ্য সরবরাহ করে এবং কার্ডিফ এন্ড দি ভেল্ অফ গ্লেমরগানের মানসিক স্বাস্থ্য সেবাসমূহের ডাইরেক্টরি অন লাইনে বর্তমান রাখার ব্যবস্থা করে।

মানসিক স্বাস্থ্য চাহিদার লোকজনদের জন্য যেসব সেবাগুলি বর্তমান রয়েছে সে সম্বন্ধে ডাইরেক্টরিটি তথ্য সরবরাহ করে। এটি বাচ্চা ও কম বয়স্ক লোকজন, এডাল্ট ও বৃদ্ধ ব্যক্তিদের সেবাগুলি অন্তর্ভুক্ত করে।

এটিতে যেসব তথ্যাদি অন্তর্ভুক্ত

- আইনগত বিষয়াদি- উদাহরণ স্বরূপ মেন্টাল হেলথ্ গ্র্যান্ট বা মানসিক স্বাস্থ্য আইন এবং কেয়ারারস্ গ্র্যান্ট বা সেবা পরিচর্যাকারীদের আইন
- স্ট্যাটুটরি বিভাগ যেসব সেবা প্রদান করে, যেমন স্থানীয় ন্যাশনাল হেলথ্ সার্ভিসেস্ (এন এইচ এস) ট্রাস্টস্, দি লোক্যাল অথরিটিজ্ ও পুলিশ
- স্বৈচ্ছাসেবী সংস্থাগুলি দ্বারা প্রদত্ত সেবাসমূহ
- টেলিফোন হেলপ্ লাইনগুলির একটা তালিকা।

দ্রুতগব্যবশতঃ ডাইরেক্টরিটি তাদের ভাষায় অনুবাদ করার মত আমাদের সম্পদ নাই।

কিভাবে সেবাগুলিতে প্রবেশাধিকার লাভ করা যাবে

যদি আপনি প্রথমবারের মত সেবাগুলিতে প্রবেশাধিকার লাভ করতে চান, তাহলে প্রথমে আপনার জিপি সঙ্কে যোগাযোগ করার দরকার হবে। জিপি আপনার চাহিদার মূল্যায়ন করবেন এবং আপনার এলাকায় যে কমিউনিটি মেন্টাল হেলথ্ টিম সেবা দিচ্ছে সেটির কাছে পাঠাবেন।

যদি জিপি আপনার চাহিদার মূল্যায়ন করার পরে বিষয়টি জরুরি মনে করেন (যেখানে কোন ব্যক্তি তার নিজের কিংবা অন্যান্যদের জন্য ঝুঁকি হয়ে দাঁড়ায়), তাহলে একটা দ্রুত মূল্যায়ন নিশ্চিত করার জন্য একটা পদ্ধতি রয়েছে।

ভাষাগত চাহিদা

যেখানে প্রয়োজন সেখানে নিম্নলিখিত স্ট্যাটুটরি সংস্থাগুলি কোন দোভাষী সেবায় প্রবেশাধিকার লাভ করতে সমর্থ:

- কার্ডিফ এন্ড ভেল্ এন এইচ এস ট্রাস্ট (কার্ডিফ ও ইস্টার্ন ভেল্ অফ গ্লেমরগানে সেবা প্রদান করে): দোভাষী সেবা সামনা সামনি কিংবা ল্যাংগুয়েজলাইনের মাধ্যমে প্রদান করা হয়।
- ভেল্ অফ গ্লেমরগান কাউন্সিল
- কার্ডিফ কাউন্সিল
- ব্রো মর্গানিগ এন এইচ এস ট্রাস্ট (ওয়েস্টার্ন ভেল্ অফ গ্লেমরগানে সেবা প্রদান করে)

কার্ডিফ এন্ড ভেল্ মানসিক স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পে সাড়া

দ্রুতগব্যবশতঃ কার্ডিফ এন্ড ভেল্ মানসিক স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের এমন কোন স্টাফ নাই যারা অন্যান্য ভাষায় কথা বলতে পারেন, তবে ওয়েবসাইট ও ডাইরেক্টরি সম্পর্কে কোন মন্তব্য পেলে সেগুলিকে আমরা স্বাগত জানাব যাতে করে আমরা এটি উন্নত করার বিষয়টি অব্যাহত রাখতে পারি।

ধন্যবাদ

www.cvmhdp.org.uk

Tel 029 2022 2000 Fax 029 2023 8258